# 2022

## BENGALI

Paper : BEN–AE–1014

**( MIL Communication )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বানানবিধির মোট কয়টি সংস্করণ প্রকাশিত হয়েছিল?

*(i)* একটি

*(ii)* দুটি

*(iii)* তিনটি

*(iv)* চারটি

(খ) 'হিত + এষণা' সন্ধির শুদ্ধরূপটি নির্ণয় করো।

*(i)* হিতৈষণা

*(ii)* হিতেষণা

*(iii)* হিতৌষণা

*(iv)* হিতোষণা

(গ) নিম্নলিখিত বানানের শুদ্ধরূপটি নির্ণয় করো।

(i) প্রতিদন্দিতা

(ii) প্রতিদ্বন্দ্বিতা

(iii) প্রতিদ্বন্দিতা

(iv) প্রতিদন্দ্বিতা

(ঘ) 'অন্বেষণ' শব্দটির সন্ধিবিচ্ছেদ করো।

(i) অণু + এষণ

(ii) অনু + এষন

(iii) অন্ব + এষন

(iv) অনু + এষণ

(ঙ) একই '√সদ্' ধাতু থেকে উৎপন্ন 'প্রসন্ন' (প্র + √সদ্ + ত) এবং 'বিষণ্ণ' (বি + √সদ্ + ত) বানান দুটির পার্থক্যের কারণ

(i) ব্যঞ্জনসন্ধি

(ii) মূর্ধন্যীভবন

(iii) ষ-ত্ব বিধি

(iv) ণ-ত্ব বিধি





(চ) 'বিস্তৃত' শব্দটির বিপরীতার্থক শব্দ কী?

(i) সংক্ষিপ্ত

(ii) বাহুল্য

(iii) কম

(iv) অপ্রশস্ত

(ছ) সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ 'অংশ' ও 'অংস' শব্দের মধ্যে 'অংস' শব্দটির অর্থ কী?

(i) হিংসা

(ii) ভাগ

(iii) কাঁধ

(iv) হাঁস

(জ) নিম্নরেখ পদের কারক-বিভক্তি নির্ণয় করো।

চোখ দিয়ে ঝরঝর করে জল পড়তে লাগল।

(i) কর্মকারকে পঞ্চমী বিভক্তি

(ii) করণ কারকে তৃতীয়া বিভক্তি

(iii) সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি

(iv) অপাদান কারকে তৃতীয়া বিভক্তি

(ঝ) 'Advance'-এর বাণিজ্যিক পরিভাষা নির্ণয় করো।

*(i)* প্রাগ্রসর

*(ii)* বায়না

*(iii)* পূর্বজ

*(iv)* সামনের দিক

(ঞ) বৈদ্যুতিন মাধ্যমের প্রতিবেদন প্রস্তুতির প্রধান দুটি ধারা হল

*(i)* শ্রব্য ও দৃশ্য

*(ii)* শ্রব্য ও মুদ্রণ

*(iii)* দৃশ্য ও মুদ্রণ

*(iv)* পাণ্ডুলিপি ও মুদ্রণ

(ট) নিম্নলিখিতগুলির মধ্যে 'বাণিজ্যিক পত্র'-এর নিদর্শনটিকে শনাক্ত করো।

*(i)* বাণিজ্যিক প্রতিষ্ঠান পরিদর্শনের অভিজ্ঞতা ব্যক্ত করে লেখা পত্র

*(ii)* 'বাণিজ্যই সম্পদের মূল'-বিষয়ক পত্ররচনা

*(iii)* বাণিজ্যের লেন-দেন সংক্রান্ত মামলায় উকিলের লিখিত পত্র

*(iv)* দুই বাণিজ্যিক প্রতিষ্ঠানের মধ্যে বেচা-কেনা সংক্রান্ত পত্র





(ঠ) বাণিজ্যিক বিজ্ঞাপনের মূল উদ্দেশ্য হল

*(i)* ক্রীড়া ও বিনোদন জগতের তারকাদের জীবনশৈলী ব্যক্ত করা

*(ii)* কোনো প্রতিষ্ঠানের উৎপাদিত সামগ্রীর গুণগান প্রচার করা

*(iii)* কোনো প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য বা প্রদেয় সেবার প্রচার এবং তার মাধ্যমে অধিক মুনাফা অর্জন

*(iv)* জনসাধারণের জীবনধারণের মান উন্নীত করা

(ড) অকাদেমি বানান অভিধানের বিধি অনুযায়ী কোন্ বানানটি শুদ্ধ?

*(i)* মনঃপুত

*(ii)* মনোপুত

*(iii)* মনঃপূত

*(iv)* মনপূত

(ঢ) নিম্নলিখিত রূপগুলোর মধ্যে কোন্ বানানটি শুদ্ধ?

*(i)* মুর্হনা

*(ii)* মূর্হনা

*(iii)* মুর্চ্ছনা

*(iv)* মূর্চ্ছনা

(ণ) ণ-ত্ব বিধি অনুযায়ী নিম্নলিখিত কোন্ বানানটি অশুদ্ধ তা লেখো।

(i) পরাহ্ণ

(ii) সায়াহ্ণ

(iii) মধ্যাহ্ন

(iv) অপরাহ্ণ

(ত) 'ট' ও 'ঠ'-এর পূর্ববর্তী 'স', 'ষ' হয়ে যায়। 'ষ-ত্ব' বিধির এই নিয়ম অনুসারে নিম্নলিখিত কোন্ বানানটি শুদ্ধ?

(i) প্রতিস্ঠান

(ii) মিস্টান্ন

(iii) সটান

(iv) ওষ্ঠ

(থ) 'অনন্ত' শব্দটির যথার্থ বিপরীতার্থক শব্দটি নির্বাচন করো।

(i) সান্ত

(ii) নিরন্তর

(iii) সসীম

(iv) অন্তিম





(দ) 'ঘাটতি' শব্দের যথার্থ বিপরীতার্থক শব্দটি কোন্‌টি?

(i) উন্নত

(ii) উদ্বৃত্ত

(iii) অধিক

(iv) পূর্ণ

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

(ক) পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমি গৃহীত বানানবিধি অনুসারে 'Beach' ও 'Christian' শব্দ দুটির বাংলা বানান নিরূপণ করো।

(খ) সন্ধির সূত্র উল্লেখ করো :

(i) উদ্ + মুখ = উন্মুখ

(ii) পো + ইত্র = পবিত্র

(গ) বানানযুগলের মধ্যে শুদ্ধ বানান নির্ণয় করো :

শারিরীক—শারীরিক; শুশ্রুষা—শুশ্রূষা

(ঘ) 'অন্তঃস্থ' ও 'অন্তস্থ' ভিন্নার্থক শব্দ দুটির অর্থ লেখো।

(ঙ) 'অতিথি' অথবা 'চন্দ্র'-এর দুটি সমার্থক শব্দ লেখো।

(চ) 'সাধু' ও 'উপকার' শব্দ দুটির বিপরীতার্থক শব্দ লেখো।

(ছ) বাণিজ্যিক বিজ্ঞাপনের যে কোনো দুটি সুফল বর্ণনা করো।

(জ) নীচের যে কোনো দুটি বাণিজ্যিক পরিভাষার অর্থ লিখে তা দিয়ে বাক্য রচনা করো :

উপজাত ; মুনাফা ; রসিদ ; অংশীদারী।

(ঝ) বৈদ্যুতিন মাধ্যমের প্রতিবেদন রচনার ক্ষেত্রে যে কোনো দুটি অসুবিধার উল্লেখ করো।

(ঞ) 'লাগা' ক্রিয়াপদটির দুটি বিশিষ্ট প্রয়োগের উদাহরণ দাও।

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমি গৃহীত বানানবিধিতে 'বিসর্গ (ঃ) চিহ্নের রক্ষা/বর্জন'-এর ক্ষেত্রে কী কী পরিবর্তন আলোচিত হয়েছে তা আলোচনা করো।

(খ) উদাহরণসহ বাংলা স্বরসন্ধির নিয়মগুলো আলোচনা করো।

(গ) 'বাগ্‌ধারা'র অন্তর্গত 'চোখ' অথবা 'কাট' পদের বিশিষ্ট ব্যবহারে যে ভিন্ন ভিন্ন তাৎপর্য ফুটে ওঠে তার একটি পর্যালোচনা প্রস্তুত করো।





(ঘ) 'বাণিজ্যিক বিজ্ঞাপন' সমাজকে কীভাবে প্রভাবিত করে তা আলোচনা করো।

(ঙ) 'বাণিজ্যিক পরিভাষা'র প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্বন্ধে আলোচনা করো।

(চ) 'কী' এবং 'কি'-এর ব্যবহার নিয়ে যা জানো লেখো।

(ছ) 'ঙ' আর 'ং'-এর ব্যবহারে কোথায় কোথায় পার্থক্য আছে তা উদাহরণ দিয়ে দেখাও।

(জ) নিম্নলিখিত অনুচ্ছেদ থেকে সন্ধিনিষ্পন্ন পদ কোনগুলো তা উল্লেখ করে তাদের সন্ধিবিচ্ছেদ করো :

"বাচস্পতি মশাই অহোরাত্র ছাত্রদের তিরস্কার করেন। ছাত্ররা যদি কোনো কারণে নমস্কার করতে দেরি করে তবে তিনি সঙ্গত কারণেই তাদের বকতে শুরু করেন।"

নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

৪। (ক) বাংলায় তৎসম শব্দের বানানের ক্ষেত্রে হ্রস্ব ও দীর্ঘ স্বরচিহ্ন ব্যবহারে কলিকাতা বিশ্ববিদ্যালয় গৃহীত বাংলা বানানবিধি ও পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমি গৃহীত বানান-বিধির পার্থক্য আলোচনা করো।

*অথবা*

(খ) বানান অশুদ্ধির বিভিন্ন ক্ষেত্রগুলোকে চিহ্নিত করো এবং প্রতিটি বিভাগের দুটি করে উদাহরণ দাও।

৫। (ক) 'ভিন্নার্থক সমোচ্চারিত শব্দ' কাকে বলে? যে কোনো পাঁচটি ভিন্নার্থক সমোচ্চারিত শব্দযুগলের অর্থ উল্লেখ করে বাক্য রচনা করো।

২+৮=১০

*অথবা*

(খ) ণ-ত্ব বিধি সম্বন্ধে আলোচনা করো।

৬। (ক) 'বাণিজ্যিক বিজ্ঞাপন'-এর বিভিন্ন ধারা সম্বন্ধে যা জানো লেখো।

*অথবা*

(খ) যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা করো :

*(i)* রাশিয়া-ইউক্রেনের যুদ্ধ : বিশ্ব অর্থনীতিতে তার প্রভাব

*(ii)* আহ্মেদাবাদে আয়োজিত ৩৬তম রাষ্ট্রীয় ক্রীড়ায় অসমের পারদর্শিতা

*(iii)* অসমের প্রাকৃতিক সৌন্দর্য ও পর্যটন শিল্পের সম্ভাবনা

*(iv)* তুলনামূলক সাহিত্য পাঠের উপযোগিতা

৭। (ক) বাংলা অতৎসম বানানের ক্ষেত্রে ন্যূনতম পাঁচটি রীতির উল্লেখ করে তার বানান সম্পর্কে অকাদেমি বানান সমিতি (পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমি)র মতামত কী তা আলোচনা করো।





*অথবা*

(খ) বিদেশী শব্দের বানানবিধি সম্পর্কে কলিকাতা বিশ্ববিদ্যালয় ও পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমির নির্দেশনা সম্বন্ধে লেখো।

৮। (ক) খাঁটি বাংলা সন্ধি বলতে কী বোঝায়? অন্ততপক্ষে পাঁচটি করে উদাহরণ দিয়ে বাংলা স্বরসন্ধি ও ব্যঞ্জনসন্ধির পরিচয় দাও।

*অথবা*

(খ) উদাহরণসহ বিভিন্ন অর্থে ব্যবহৃত অপাদান কারকের বিষয়ে যা জানো লেখো।

★ ★ ★